

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/৫৩

তারিখঃ ১০ মার্চ, ২০২৬

## সম্মানিত সকল সদস্যের জন্য


বিষয়ঃ ১৮ ও ১৯ মার্চ ২০২৬ তারিখ ছুটির দিনে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।

সূত্রঃ এসডিএডি সার্কুলার লেটার নং-০৪, তারিখঃ ১০/০৩/২০২৬ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। তৈরি পোশাক শিল্প খাতে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে এবং রপ্তাবি বিল ক্রয়ের লক্ষ্যে কেবল ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়নগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্পের লেনদেন সংশ্লিষ্ট এলাকার বাণিজ্যিক ব্যাংকগুলোর শাখাসমূহে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরত আগামী ১৮ ও ১৯ মার্চ ২০২৬ তারিখ যথাক্রমে বুধ ও বৃহস্পতিবার সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সূত্রোক্ত সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,



মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)  
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**  
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

— বাংলাদেশে তৈরি —

Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

EA2026 CIRCULAR-2026.doc



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

সুপারভাইজরি ডেটা ম্যানেজমেন্ট এন্ড  
এনালিটিক্স ডিপার্টমেন্ট (এসডিএডি)

এসডিএডি সার্কুলার লেটার নং- ০৪

২৫ ফাল্গুন ১৪৩২

তারিখ: -----

১০ মার্চ ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

১৮ মার্চ ২০২৬ তারিখ বুধবার পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে তফসিলি ব্যাংক বন্ধ রাখা প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ মার্চ ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-২৮ এর মাধ্যমে আসন্ন শব-ই-কদর ও ঈদ-উল-ফিতরের পূর্ব নির্ধারিত ছুটির মধ্যবর্তী ১৮ মার্চ ২০২৬ তারিখ বুধবার নির্বাহী আদেশে সরকারি ছুটি ঘোষণা করায় তফসিলি ব্যাংকের সকল শাখা/উপশাখা বন্ধ থাকবে।
- আসন্ন ঈদ-উল-ফিতরের পূর্বে তৈরি পোশাক শিল্প খাতে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে এবং রপ্তানি বিল ক্রয়ের লক্ষ্যে কেবল ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্পের লেনদেন সংশ্লিষ্ট এলাকার বাণিজ্যিক ব্যাংকগুলোর শাখাসমূহে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরত আগামী ১৮ ও ১৯ মার্চ ২০২৬ তারিখ যথাক্রমে বুধ ও বৃহস্পতিবার নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

অফিস সময়সূচি	লেনদেনের সময়সূচি
সকাল ১০:০০ টা হতে অপরাহ্ন ২:০০ টা পর্যন্ত (দুপুর ১:১৫ টা হতে ১:৩০ টা পর্যন্ত যোহরের নামাজের বিরতি)	সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত

- সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ সপ্তাহে ০৭ দিন ২৪ ঘন্টা চালু রাখার বিষয়ে ০৫ আগস্ট ২০১৯ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে ১৭ মার্চ ২০২৬ তারিখ হতে ২৩ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত (ঈদের দিন ব্যতীত) সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যক্রম সীমিত আকারে চলমান রাখার নিমিত্ত স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে ব্যাংকসমূহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে।
- ছুটির দিনে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীগণ বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল মান্নান)

পরিচালক (এসডিএডি)

ফোন: ৯৫৩০০৯৩